# বাংলাদেশ কৃষি ব্যাংক

গণ মানুষের ব্যাংক

## আঞ্চলিক কার্যালয়, নড়াইল।

ফোন : ০২৪৭৭-৭৭৩৪১৯, ০২৪৭৭-৭৭৩৬৩০; ই-মেইল : rmnarail@krishibank.org.bd

তারিখ : ২৭.০৬.২০২২ ইং।

### ২৭ জুন, ২০২২ তারিখে অনুষ্ঠিত আঞ্চলিক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরনী ঃ

অদ্য ২৭ জুন,২০২২ ইং তারিখে দুপুর ০২.০০ ঘটিকায় আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তার অফিস কক্ষে বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক কার্যালয়,নড়াইলের ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে চতুর্থ ত্রৈমাসিকের অর্জনের উপর আঞ্চলিক নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির নিম্ন বর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| ক্র:নং: | কর্মকর্তার নাম | পদবী ও কর্মস্থল | কমিটির পদবী |
|---|---|---|---|
| ০১. | জনাব ফ.ম. খলিলুর রহমান | আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক কার্যালয়, নড়াইল। | সভাপতি |
| ০২. | জনাব অসিত কুমার সরকার | কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, নড়াইল। | সদস্য |
| ০৩. | জনাব অভিজিৎ কুমার দেবনাথ | কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, নড়াইল। | সদস্য |
| ০৪. | জনাব মো: আশরাফুল আলম | কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, নড়াইল। | সদস্য |
| ০৫. | জনাব শেখ আলমগীর হোসেন | উর্দ্ধতন কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়,নড়াইল। | সদস্য সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকতা |

০২। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে সভার শুরুতেই পূর্বের নৈতিকতা কমিটির একজন সদস্য বিকেবি স্টাফ কলেজ কর্তৃক আয়োজিত বুনিয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণ শেষ করে কর্মস্থলে ফিরে আসায় অদ্য উপস্থিত ০৫ জন সদস্য নিয়ে কমিটি পুন:গঠনের প্রস্তাব দেন। সভাপতি মহোদয় প্রস্তাবটি অনুমোদন করেন এবং তা পত্রাকারে জারীর নির্দেশনা প্রদান করেন।

০৩। সদস্য সচিব ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ ত্রৈমাসিকের অর্জন বিষয়ে সভাকে অবহিত করেন। সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রার বিপরীতে ৪র্থ ত্রৈমাসিকের অর্জনের পর্যালোচনা করেন এবং বিগত ১০.০৪.২০২১ তারিখের সভার গৃহিত সিদ্ধান্তের অর্জন নিয়ে আলোচনা করেন। তিনি সকল ক্ষেত্রে শুদ্ধাচার চর্চা এবং যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ বরার জন্য আহবান জানান।

০৪। সভায় অঞ্চলের চলমান বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করা হয় এবং শুদ্ধাচার নৈতিকতা কমিটির সকল সদস্য বর্ণিত বিষয়ে তাদের অভিমত ব্যক্ত করেন।বিস্তরিত আলোচনান্তে সভার সকল সদস্যের ঐক্যমতের ভিত্তিতে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ-

(ক) পুনগঠিত আঞ্চলিক নৈতিকতা কমিটিব কার্যালয় আদেশ ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাবে আপলোড করতে হবে।
(খ) এপ্রিল,২০২২ হতে জুন,২০২২ সময়কালের ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন/শুদ্ধাচার বিষয়ক তথ্যাদি ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাবে আপলোড করতে হবে।
(গ) ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের লক্ষ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।

০৫। অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

| | | | | |
|---|---|---|---|---|
| 27/06/2022 | 27.06.2022 | 27.06.22 | 27.06.22 | 27/06/2022 |
| শেখ আলমগীর হোসেন | অভিজিৎ দেবনাথ | মো: আশরাফুল আলম | অসিত কুমার সরকার | (ফ.ম. খলিলুর রহমান) |
| সদস্য সচিব | সদস্য | সদস্য | সদস্য | সভাপতি |
| শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>আঞ্চলিক নৈতিকতা কমিটি,<br>ও<br>উর্দ্ধতন কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল | আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল। | আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল। | আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>কর্মকর্তা<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল। | আঞ্চলিক নৈতিকতা কমিটি<br>ও<br>আঞ্চলিক ব্যবস্থাপক<br>আঞ্চলিক কার্যালয়,নড়াইল। |